

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03.05.2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নগর উন্নয়নের স্বার্থে কাজের গুণমান বজায় রেখে বিভিন্ন প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে নির্দেশ দিয়েছেন। গতকাল আগরতলায় নগর উন্নয়ন দপ্তর ও নগর সংস্থাগুলির বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনাকালে তিনি এই নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, নাগরিক পরিষেবা দ্রুত প্রদানে আধিকারিকদের কাজের আরও গতি আনা প্রয়োজন। বৈঠকে মুখ্যমন্ত্রী টুডার অধীন প্রকল্পগুলি দ্রুত শেষ করার পাশাপাশি সাধারণ মানুষের স্বাস্থ্য পরিষেবা সুনিশ্চিত করতে সিটি হাসপাতালের কাজ অতিসত্ত্বর শেষ করার নির্দেশ দেন। পথচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং দুর্ঘটনা হ্রাস করতে ফুটপাথগুলিতে রেলিং বসানোর বিষয়েও মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। বৈঠকে মুখ্যমন্ত্রী নগর উন্নয়ন প্রকল্প, স্মার্টলাইট টাউনশীপ প্রকল্প, আমরুত ২.০, এশিয়ান ডেভেলপমেন্ট সহায়তা প্রাপ্ত প্রকল্প, স্মার্টসিটি মিশন, শহরের সৌন্দর্যায়ণ, এস.এ.এস.সি.আই স্কিম, মুখ্যমন্ত্রী নগর উন্নয়ন প্রকল্প সহ বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়েও আলোচনা হয়। বৈঠকে মুখ্যসচিব জে কে সিনহা, নগর উন্নয়ন সচিব মিলিন্দ রামটেকে সহ অন্যান্য পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

Neet Exam:

আজ মেডিকেলের নীট পরীক্ষা অনুষ্ঠিত হবে। সর্ব ভারতীয় এই প্রবেশিকা পরীক্ষা আগরতলায় মোট ৯টি কেন্দ্রে হবে। শিশুবিহার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, হিন্দী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মহারাণী তুলসীবতী বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয় কুঞ্জবন, পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয় ওএনজিসি, মহারাজা বীর বিক্রম কলেজ, বীর বিক্রম মেমোরিয়্যাল কলেজ, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় ও এনআইটি আগরতলা-তে এই পরীক্ষা হবে। ত্রিপুরার মোট ৪,৪১১ জন ছাত্রছাত্রী এই পরীক্ষায় অংশ নিতে চলেছে।

Prasun Joshi:

ভারতের রাষ্ট্রীয় প্রচারমাধ্যম প্রসার ভারতীর নতুন চেয়ারম্যান হিসেবে প্রখ্যাত গীতিকার, লেখক এবং বিজ্ঞাপন বিশেষজ্ঞ প্রসূন জোশীকে নিযুক্ত করেছে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক। এই নিয়োগের বিষয়ে অভিনন্দন জানিয়ে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব উল্লেখ করেন যে, প্রসূন জোশীর সৃজনশীল দৃষ্টি ও গভীর সাংস্কৃতিক বোধ প্রসার ভারতীকে এক নতুন প্রাণশক্তি ও আধুনিক দিশা প্রদান করবে। ২০১৭ সাল থেকে সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশন (CBFC)-এর চেয়ারম্যান হিসেবে সফলভাবে দায়িত্ব পালনের পাশাপাশি ম্যাকক্যান ওয়ার্ল্ড গ্রুপের মতো আন্তর্জাতিক সংস্থায় নেতৃত্বের অভিজ্ঞতা থাকা প্রসূন জোশী বর্তমানের দ্রুত পরিবর্তনশীল প্রযুক্তি ও ডিজিটাল যুগে অল ইন্ডিয়া রেডিও এবং দূরদর্শনের মতো গুরুত্বপূর্ণ মাধ্যমগুলোকে এক অনন্য উচ্চতায় নিয়ে যাবেন বলে আশা করা হচ্ছে।

Ratan Lal Nath:

কৃষিমন্ত্রী রতন লাল নাথ গতকাল জানিয়েছেন, গত ২৭ থেকে ২৯ এপ্রিল পর্যন্ত ১৩৩.৯ মিলিমিটার বৃষ্টি হয়েছে। যার ফলে প্রায় ৬,১০৫ হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রাথমিক হিসাবে, প্রায় ২১,৬৩৫ মেট্রিক টন ফসল নষ্ট হয়েছে, যার আর্থিক ক্ষতি প্রায় ৫৯.১৭ কোটি টাকা। এতে ক্ষতিগ্রস্ত হয়েছেন ৩২,৮৯৫ জন কৃষক। সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে দক্ষিণ জেলায়, আর তুলনামূলক কম ক্ষতি হয়েছে খোয়াই জেলায়। কৃষিমন্ত্রী জানিয়েছেন, ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তায় সরকার ইতিমধ্যেই একাধিক পদক্ষেপ নিয়েছে।

COUNTING-WEST BENGAL :

আগামীকাল পশ্চিমবঙ্গ, আসাম, তামিলনাড়ু, কেরলম ও কেন্দ্র শাসিত অঞ্চল পুদুচেরীর বিধানসভা নির্বাচনের ভোট গণনা অনুষ্ঠিত হবে। ভোট গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গে অতিরিক্ত ১৬৫ জন গণনা পর্যবেক্ষক ও ৭৭ জন পুলিশ পর্যবেক্ষক মোতায়েন করেছে। কমিশন বলেছে, এই পদক্ষেপগুলোর লক্ষ্য হলো গণনা প্রক্রিয়াটি যেন নিরাপদ, শান্তিপূর্ণ, ভীতিমুক্ত ও স্বচ্ছভাবে পরিচালিত হয় তা নিশ্চিত করা।

কমিশন আরও জানিয়েছে যে, রিটার্নিং অফিসার, গণনা কর্মী, প্রার্থী এবং তাদের এজেন্টদের পরিচয়পত্র ECINET প্ল্যাটফর্মের একটি বিশেষ মডিউলের মাধ্যমে ইস্যু করা হবে। গণনা কেন্দ্রে প্রবেশ কঠোরভাবে ECINET-এর মাধ্যমে তৈরি করা কিউআর কোডযুক্ত সচিত্র পরিচয়পত্রের ভিত্তিতেই হবে।

Disaster Alerts :

ভারত সরকার নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে একটি আধুনিক মোবাইল-ভিত্তিক দুর্যোগ সতর্কীকরণ ব্যবস্থা-সেল ব্রডকাস্ট সিস্টেম চালু

করেছে। গতকাল দুপুরে এই ব্যবস্থার পরীক্ষামূলক প্রয়োগ হিসেবে দেশের বিভিন্ন প্রান্তে মোবাইল ফোনে একটি সতর্কবার্তা পাঠানো হয়। বার্তার সঙ্গে একটি সাইরেন শব্দও শোনা যায়। বার্তায় স্পষ্ট করে জানানো হয়, এটি একটি পরীক্ষামূলক বার্তা এবং সাধারণ মানুষের কোনো পদক্ষেপ গ্রহণের প্রয়োজন নেই। কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া সামাজিক মাধ্যমে জানিয়েছেন, এই ধরনের বার্তা পেলে আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। এটি ভারতের নতুন মোবাইল-ভিত্তিক দুর্যোগ যোগাযোগ ব্যবস্থার একটি পরীক্ষা।

Weather :

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ২৪ ঘন্টায় ত্রিপুরা সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে। এর সাথে বজ্র বিদ্যুৎ ও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৭ ডিগ্রি সেলসিয়াস। আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমাণ ৩১.১ মিলিমিটার।
